

কিভাবে আপনার অটোহেলার ব্যবহার করবেন

- ডিভাইসটি ভালো করে ঝাঁকান
- ঢাকনাটি সরিয়ে ফেলুন - এটি পিছন দিক থেকে খুলে আসে
- ইনহেলারটি সোজা করে ধরে রাখুন এবং ডিভাইসের উপরের লিভারটিকে উপরের দিকে তুলুন
- ডিভাইসের নিচের দিকের এয়ার ভেন্টগুলো যাতে ঢেকে না যায় সেদিকে খেয়াল রাখুন
- গভীর শ্বাস নিন এবং তারপর সম্পূর্ণভাবে শ্বাস ছাড়ুন
- আপনি যখন আপনার মুখের মধ্যে মাউথপিস রাখবেন, যতক্ষণ পর্যন্ত আপনি পারবেন ততক্ষণ পর্যন্ত একটি দীর্ঘ, শক্তিশালী, গভীর শ্বাস নিন - ডিভাইসটি জোরে একটি "ক্লিক" করবে। যখন এটি ঘটেবে তখন আপনার শ্বাস নেওয়াটা চালিয়ে যাওয়া গুরুত্বপূর্ণ।
- আপনার মুখ থেকে সরান, 10 সেকেন্ড পর্যন্ত আপনার শ্বাস ধরে রাখুন।
- ডিভাইসের উপরের লিভারটিকে নিচের দিকে ধাক্কা দিন
- 30 সেকেন্ড অপেক্ষা করুন তারপর নির্ধারিত সংখ্যক ডোজ নেওয়া না হওয়া পর্যন্ত উপরেরটির পুনরাবৃত্তি করুন

